



রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ  
আরডিএ ভবন  
১/বনলতা বাণিজ্যিক এলাকা  
সপুরা, রাজশাহী-৬২০৩।  
www.rdaraj.org.bd

## প্রকাশিত সংবাদের প্রতিবাদ

গত ০৬/০৬/২০১৭ খ্রিঃ তারিখে স্থানীয় দৈনিক সানশাইন পত্রিকার প্রথম পৃষ্ঠার ২, ৩, ৪ ও ৫ এর কলাম এবং ২ পৃষ্ঠার ৮ এর কলামে প্রকাশিত “চেয়ারম্যান থেকে কর্মকর্তা-কর্মচারির নামেও পুট আরডিএ’র পুট বরাদ্দে পুকুর চুরি” শীর্ষক প্রতিবেদনটি রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষের দৃষ্টিগোচর হয়েছে। প্রতিবেদনে অভিযোগকারী স্টাফ রিপোর্টার, বনলতা বাণিজ্যিক এলাকা সম্প্রসারণ ও আবাসিক এলাকা উন্নয়ন প্রকল্পের ৩১টি পুট হরিলুট করেছেন আরডিএ’র কর্মকর্তা ও কর্মচারীরা এবং আরডিএ ভবনে কোন লটারি অনুষ্ঠিত হয়নি মর্মে প্রতিবেদনটি সম্পূর্ণ মিথ্যা, ভিত্তিহীন এবং উদ্দেশ্যপ্রনোদিত। প্রকৃত বিবরণ এই যে, গত ২৩/০৪/২০১৭খ্রিঃ তারিখে দৈনিক আমাদের রাজশাহী, দৈনিক সোনার দেশ, দৈনিক আমাদের সময়, দি ডেইলী অবজারভার পত্রিকায় বিজ্ঞপ্তি আহ্বান করা হয়। বিজ্ঞপ্তিতে সাব ক্যাটাগরিসহ ১০টি ক্যাটাগরিতে ১২৪টি আবেদন জমা পড়ে। পুট বরাদ্দ প্রবিধানমালা, ২০০৭ ও পুট বরাদ্দ পদ্ধতি, ২০১২ অনুযায়ী পুট বরাদ্দ কমিটি কর্তৃক ৩০/০৫/২০১৭খ্রিঃ তারিখে প্রাপ্ত আবেদন যাচাই বাছাই এবং ২৫/০৫/২০১৭খ্রিঃ তারিখে ইস্যুকৃত লটারি অনুষ্ঠানের নোটিশের পরিপ্রেক্ষিতে গত ৩১/০৫/২০১৭খ্রিঃ তারিখে পুট বরাদ্দ কমিটির সদস্যবৃন্দ ও অন্যান্য সকলের উপস্থিতিতে সকাল ৯:৩০ ঘটিকায় সকলের উপস্থিতিতে লটারি ড্র অনুষ্ঠিত হয় এবং লটারির মাধ্যমে পুট বরাদ্দ প্রদান করা হয়। লটারিতে প্রাপ্ত পুটের বরাদ্দগ্রহীতাদের নামের তালিকা গত ০১/০৬/২০১৭খ্রিঃ তারিখে রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ ৩/২০১৭তম বোর্ড সভায় পুট বরাদ্দ গ্রহীতাদের তালিকা প্রাথমিকভাবে অনুমোদন করা হয়। উক্ত অনুমোদনের পরিপ্রেক্ষিতে পুট বরাদ্দ প্রবিধানমালা, ২০০৭ ও পুট বরাদ্দ পদ্ধতি, ২০১২ অনুযায়ী দৈনিক আমাদের রাজশাহী, দৈনিক সোনার দেশ, দৈনিক আমাদের সময়, দি ডেইলী অবজারভার পত্রিকায় পুট প্রাপকগণের প্রাথমিক নামের তালিকা প্রকাশ করা হয়। সম্পূর্ণ বরাদ্দ প্রক্রিয়াটি পুট বরাদ্দ প্রবিধানমালা, ২০০৭ ও পুট বরাদ্দ পদ্ধতি, ২০১২ অনুযায়ী সম্পন্ন করা হয়েছে এবং যাদের নামে পুট বরাদ্দ প্রদান করা হয়েছে তাদের নামে রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ হতে ইতঃপূর্বে কোন আবাসিক এলাকায় পুট বরাদ্দ প্রদান করা হয়নি এবং তারা ক্রয়সূত্রেও বরাদ্দ গ্রহীতা নন। উল্লেখ্য যে দৈনিক যুগান্তর পত্রিকার সিনিয়র রিপোর্টার রাজশাহী ব্যুরো জনাব মোঃ গোলাম মোস্তফা (আনু মোস্তফা), চিফ রিপোর্টার জনাব মোঃ আব্দুল্লাহ আল মামুন, সিনিয়র রিপোর্টার জনাব তোহর আহমদ উক্ত প্রকল্পে পুট প্রাপ্তির আবেদনের প্রেক্ষিতে লটারির মাধ্যমে তিন জনই পুট প্রাপ্ত হন। উক্ত পুট বরাদ্দ প্রদানের ক্ষেত্রে কোন অনিয়ম ও দুর্নীতি হয়নি। এ ধরণের মিথ্যা, ভিত্তিহীন এবং উদ্দেশ্যপ্রনোদিত, বানোয়াট সংবাদ পরিবেশন করায় রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষের সুনাম ক্ষুণ্ণ করা হয়েছে যা উদ্দেশ্যপ্রনোদিত। রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ প্রকাশিত উক্ত সংবাদের তীব্র নিন্দা ও প্রতিবাদ জ্ঞাপন করছে। পাশাপাশি অধিক যত্নবান হয়ে সত্য ও বস্তুনিষ্ঠ সংবাদ প্রকাশ করা হবে মর্মে রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ প্রত্যাশা করে।



(মোঃ বদরুজ্জামান)

এস্টেট অফিসার

ও

সদস্য সচিব

পুট বরাদ্দ কমিটি

রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ

